

## আত্ম তারগীব ওয়াত্ত তারহীব

হাদিস নাম্বারঃ ২৮০

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৮) মসজিদে এবং কিবলার দিকে থুথু নিক্ষেপ ও মসজিদে হারানো বস্ত্র তালাশ করা ইত্যাদির প্রতি ভীতি প্রদর্শন

الترهيب من البصاق في المسجد وإلى القبلة ومن إنشاد الصالة فيه وغير ذلك مما يذكر  
هنا

আরবী

(صحيح) وَ عَنْ أَبْنَىْ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ بَيْنَمَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَخْطُبُ يَوْمًا إِذْ رَأَىْ نُخَامَةً فِي قِبْلَةِ الْمَسْجِدِ فَتَغَيَّبَ عَلَى النَّاسِ ثُمَّ حَكَّهَا قَالَ وَأَحْسَبَهُ قَالَ فَدَعَا بِزَعْفَرَانٍ فَلَطَّخَهُ بِهِ وَقَالَ إِنَّ اللَّهَ قَبِيلٌ وَجْهٌ أَحَدُكُمْ إِذَا صَلَّى فَلَا يَبْزُقُ بَيْنَ يَدَيْهِ . رواه البخاري ومسلم وأبو داود واللّفظ له

বাংলা

২৮০. (সহীহ) ইবনু ওমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেনঃ রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) একদা খুতবা দিচ্ছিলেন। এমন সময় তিনি মসজিদের সামনের দিকে কফ বা থুথু দেখতে পেলেন। তখন মানুষের উপর তিনি রাগস্বিত হয়ে উঠলেন। অতঃপর নিজেই উহা ঘষে উঠিয়ে দিলেন। তারপর জাফরান আনতে বললেন, এবং উক্ত স্থানে তা লাগিয়ে দিলেন। বললেনঃ ”তোমাদের কেউ যখন সালাত আদায় করে তখন মহান ও পরাক্রমশালী আল্লাহ তার চেহারার সম্মুখে থাকেন। সুতরাং সে যেন তার সম্মুখ দিকে থুথু নিক্ষেপ না করে।”

(হাদীছটি বর্ণনা করেছেন বুখারী ৪০৬, মুসলিম ৫৪৭ ও আবু দাউদ ৪৭৯। হাদীছটির বাক্য আবু দাউদ থেকে গৃহীত।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াইদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

৬ Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88051>

৬ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন